বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

www.caab.gov.bd

সভার স্থান	:	সদর দপ্তর সম্মেলন কক্ষ সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
তারিখ	:	০১-১২-২০১৯
সময়	:	সকাল ১০:৩০ ঘটিকা।

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহিত কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি মহোদয় কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির আহ্বানে পরিচালক (প্রশাসন) সদস্য-সচিব হিসেবে সভায় আলোচ্য বিষয়ের প্রেক্ষাপট তুলে ধরেন এবং প্রস্তাবনাসমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করেন। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-ক তে সংযুক্ত করা হলো। সভায় নিম্নবর্ণিত বিস্তারিত আলোচনা হয়:

ক্র: নং	কর্মসূচির বিবরণ	তারিখ ও স্থান	বিস্তারিত আলোচনা	সিদ্ধান্ত
০১	হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের দর্শনীয় স্থানে বঙ্গবন্ধু'র ভাস্কর্য/মুরাল স্থাপন।	১৭ মার্চ ২০২০ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর	সভায় তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল) বলেন, চেয়ারম্যান মহোদয়ের নির্দেশনা মোতাবেক মুরাল নির্মাণের কাজ শুরুর নির্দেশনা প্রদান করা হয়েছে। ভাস্কর্যের নমুনা মন্ত্রণালয়ে সিদ্ধান্তের জন্য প্রেরণ করা হয়েছে।	হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরসহ দেশের সকল বিমানবন্দরের দর্শনীয় স্থানে বঙ্গবন্ধু'র ভাস্কর্য/মুরাল স্থাপনের লক্ষ্যে দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে। এ লক্ষ্যে একটি কর্মপরিকল্পনা প্রস্তুত করে আগামী ১৫ কার্যদিবসের মধ্যে কর্তৃপক্ষ বরাবর উপস্থাপন করতে হবে। বাস্তবায়নকারী: তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল)
০২	বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের উন্নয়নমূলক কার্যক্রম ও বিভিন্ন অর্জন ডিজিটাল ডিসপ্লের মাধ্যমে প্রদর্শন।	১৭ মার্চ ২০২০ হতে ১৭ মার্চ ২০২১ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরসহ দেশের সকল বিমানবন্দর।	বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের উন্নয়নমূলক কার্যক্রম ডিজিটাল ডিসপ্লের মাধ্যমে বিমানবন্দরসহ বিভিন্ন জায়গায় প্রদর্শন করা হবে। স্লাইড শো-এর মাধ্যমে বেবিচকের অর্জন ও বিভিন্ন বিমানবন্দরের উন্নয়নমূলক কার্যক্রমের স্থিরচিত্র ও তথ্যাদি সহকারে একটি ভিডিও ডকুমেন্টারি প্রস্তুত করে তা প্রদর্শন করার বিষয়ে আলোচনা হয়।	বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণের নিমিত্ত নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহিত হয়: i) সদস্য (এটিএম) - সভাপতি ii) পরিচালক, হশাআবি - সদস্য iii) উপ পরিচালক (কম: ইঞ্জি:), সেমসু - সদস্য iv) নির্বাহী প্রকৌশলী (সিভিল), সিডি-১ - সদস্য v) নির্বাহী প্রকৌশলী (ই/এম), ই/এম-১- সদস্য vi) জন সংযোগ কর্মকর্তা - সদস্য vii) জনাব দেবব্রত শর্মা, এসসিই - সদস্য-সচিব কার্যপরিধি: বঙ্গবন্ধুর জীবনী এবং বেবিচক-এর বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমের স্থিরচিত্র ও তথ্যসম্বলিত একটি ভিডিও ডকুমেন্টারি প্রস্তুতকরণ, বাজেট প্রাক্কলন প্রস্তুতকরণ, ডিজিটাল ডিসপ্লে স্থাপনের নিমিত্তে স্থান নির্বাচন, এতদসংক্রান্ত যাবতীয় উপকরণ ক্রয়ের ব্যবস্থা গ্রহণ। কমিটি আগামী ১৫ কার্যদিবসের মধ্যে কর্তৃপক্ষের নিকট অগ্রগতি প্রতিবেদন দাখিল করবে।
০৩	বেবিচকের কমপক্ষে ২টি উদ্ভাবনী কার্যক্রমের বাস্তবায়ন।	প্রথমটি ১৭ মার্চ ২০২০ এবং দ্বিতীয়টি ১৭ এপ্রিল ২০২০।	আয়োজিত দুইটি উদ্ভাবনী কর্মশালা থেকে প্রাপ্ত ধারণাসমূহ যাচাই-বাছাইপূর্বক তন্মধ্যে দুইটি কার্যক্রম বাস্তবায়নের জন্য নির্বাচিত করা হবে।	সংস্থা কর্তৃক উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের বিষয়টি ইতোমধ্যে উদ্ভাবনী কর্মপরিকল্পনা ও এপিএ-এর অন্তর্ভুক্ত থাকায় তা মুজিব বর্ষ-এর কর্মপরিকল্পনা থেকে বাদ দেয়া হলো।
০৪	২টি বিশেষ সেবা সপ্তাহ পালন।	(১) ১৭ মার্চ ২০২০ হতে ২৩ মার্চ ২০২০	বেবিচক কর্তৃক যাত্রীগণকে কীভাবে উন্নততর সেবা দেয়া যায় এবং বেবিচক'র কর্মচারিগণ	২টি বিশেষ সেবা সপ্তাহ পালনের বিষয়ে সেবার ধরন নির্ধারণের লক্ষ্যে সকল বিমানবন্দর ব্যবস্থাপক এবং বেবিচক-এর সকল অনুবিভাগ

ক্র: নং	কর্মসূচির বিবরণ	তারিখ ও স্থান	বিস্তারিত আলোচনা	সিদ্ধান্ত
		(২) ১১ মার্চ ২০২১ হতে ১৭ মার্চ ২০২১ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর।	কর্তৃক কী ধরনের সেবা প্রদান করতে সক্ষম সে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। মুজিব বর্ষকে উপলক্ষ্য করে বেবিচক-এর প্রদেয় সেবাসমূহের সার্বিক উন্নতকরণের বিষয়ে বিশেষ গুরুত্বারোপ করা হয়। এতদুদ্দেশ্যে বিমানবন্দর সমূহে বিশেষ সেবা সপ্তাহ পালন করার আলোচনা হয়।	থেকে প্রস্তাবনা আহ্বান করা হবে। উক্ত প্রস্তাবনা প্রাপ্তির পর সংশ্লিষ্টদের নিয়ে সভা আহ্বান করে বিষয়টি চূড়ান্ত করা হবে।
০৫	বেবিচক'র অধীনস্থ শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সকল শ্রেণিতে মেধাভিত্তিক বঙ্গবন্ধুর নামে শিক্ষা বৃত্তি প্রদান।	জানুয়ারি ২০২১ বেবিচ কর্তৃপক্ষের সাতটি স্কুল	বেবিচক'র অধীনস্থ ঢাকা ও ঢাকার বাহিরের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বঙ্গবন্ধুর নামে শিক্ষা বৃত্তি প্রদান করার বিষয়ে আলোচনা হয়।	সিএএবি'র আওতাভুক্ত বিদ্যালয়সমূহে বঙ্গবন্ধুর নামে শিক্ষা বৃত্তি প্রদানের লক্ষ্যে বিভাগ ও শাখা-ভিত্তিক মেধাবী ও অস্বচ্ছল শিক্ষার্থী নির্বাচন ও বৃত্তির কাঠামো নির্ধারণের নিমিত্তে নিম্নোক্ত ব্যক্তিবর্গের সমন্বয়ে কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়: i) সদস্য (অর্থ) - সভাপতি ii) সহকারী পরিচালক (প্রশাসন) - সদস্য iii) প্রধান শিক্ষক/অধ্যক্ষ, সিভিল এভিয়েশন হাই স্কুল, তেজগাঁও - সদস্য iv) সহকারী সম্পত্তি কর্মকর্তা-১ - সদস্য কমিটি আগামী ১৫ কার্যদিবসের মধ্যে এতদসংক্রান্ত খসড়া নীতিমালা প্রণয়ন করে কর্তৃপক্ষের নিকট দাখিল করবে।
০৬	বঙ্গবন্ধুর উপর তথ্যচিত্র প্রদর্শনী।	১৭ মার্চ, ২৬ মার্চ, ১৭ এপ্রিল, ১৫ আগষ্ট, ১৬ ডিসেম্বর ২০২০ এবং ১০ জানুয়ারি, ১৭ মার্চ, ২০২১। সকল বিমানবন্দর	বঙ্গবন্ধুর উপর নির্মিত তথ্যচিত্র সংগ্রহ করে তা প্রদর্শনের ব্যবস্থা করার বিষয়ে আলোচনা হয়।	বঙ্গবন্ধুর উপর নির্মিত তথ্যচিত্র এবং চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর হতে আগামী ১০ কার্যদিবসের মধ্যে "Bangladesh Marches Ahead" শীর্ষক ডকুমেন্টারি সংগ্রহ করে তা সকল বিমানবন্দরে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নকারী: উন্নয়নমূলক কার্যক্রম ডিজিটাল 'ডিসপ্লে'র মাধ্যমে প্রদর্শনের নিমিত্তে গঠিত কমিটি।
০৭	বিমানবন্দরগুলোর ভিতরে এবং বাইরে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা এবং সৌন্দর্যবর্ধন	১৭ মার্চ ২০২০ হতে ১৭ মার্চ ২০২১ সকল বিমানবন্দর	বিমানবন্দরগুলোতে সৌন্দর্য বর্ধিতকরণের উদ্যোগ গ্রহণ করার বিষয়ে আলোচনা হয়। এছাড়া, বিমানবন্দরের অভ্যন্তরীণ ও বাইরের এলাকা পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা করার বিষয়ে আলোচনা হয়।	সকল বিমানবন্দরের ভিআইপি লাউঞ্জসহ সকল জায়গায় সৌন্দর্যবর্ধন ও পরিচ্ছন্নতা বিষয়ক প্রস্তাবনা তৈরীর সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে পরিচালক/সংশ্লিষ্ট বিমানবন্দর ব্যবস্থাপক আগামী ১৫ কার্য দিবসের মধ্যে কর্তৃপক্ষের নিকট স্ব-স্ব প্রস্তাবনা পেশ করবেন।
০৮	হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের অভ্যন্তরে বঙ্গবন্ধু কর্ণার স্থাপন।	১৭ হতে ২৬ মার্চ ২০২০ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর।	বিমানবন্দরের অভ্যন্তরে নির্দিষ্ট স্থানে যাত্রী সাধারণের জন্য বঙ্গবন্ধুর উপর রচিত বিভিন্ন বই পত্র সম্বলিত 'বঙ্গবন্ধু কর্ণার' স্থাপন করার বিষয়ে আলোচনা হয়।	হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের অভ্যন্তরে বঙ্গবন্ধু কর্ণার স্থাপনের বিষয়ে আগামী ১০ কার্যদিবসের মধ্যে একটি প্রস্তাবনা তৈরী করে কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে। বাস্তবায়নকারী: পরিচালক, হশাআবি।
০৯	সিভিল এভিয়েশন দিবসে মুজিব বর্ষের উপর গুরুত্বারোপ করে বিশেষ ক্রোড়পত্র প্রকাশ।	৭ ডিসেম্বর ২০২০	সিভিল এভিয়েশন দিবসে তিনটি বাংলা ও একটি ইংরেজি জাতীয় পত্রিকায় বিশেষ ক্রোড়পত্র প্রকাশের উদ্যোগ নেয়ার বিষয়ে আলোচনা হয়।	সিভিল এভিয়েশন দিবসে মুজিব বর্ষের উপর গুরুত্বারোপ করে নির্ধারিত তারিখে বিশেষ ক্রোড়পত্র প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নকারী: পরিচালক (প্রশাসন) ও জনসংযোগ কর্মকর্তা।

ক্র: নং	কর্মসূচির বিবরণ	তারিখ ও স্থান	বিস্তারিত আলোচনা	সিদ্ধান্ত
১০	ওয়েবসাইটে ও প্যাডে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে শুভেচ্ছা বার্তা।	১৭ মার্চ ২০২০ হতে ১৭ মার্চ ২০২১ সদর দপ্তর	ওয়েবসাইটে ও প্যাডে বঙ্গবন্ধুর শততম জন্মবার্ষিকী উপলক্ষ্যে শুভেচ্ছা বার্তা প্রকাশ করার বিষয়ে আলোচনা হয়।	ওয়েবসাইটে ও প্যাডে বঙ্গবন্ধুর শততম জন্মবার্ষিকী উপলক্ষ্যে শুভেচ্ছা বার্তা প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নকারী: ১) পরিচালক (প্রশাসন); ২) পরিচালক (যোগাযোগ)
১১	বঙ্গবন্ধুর জীবন ও আদর্শের উপর দুইটি সেমিনারের আয়োজন।	প্রথমটি ৭ এপ্রিল ২০২০ এবং দ্বিতীয়টি ৭ ডিসেম্বর ২০২০ সদর দপ্তর	বঙ্গবন্ধুর জীবন ও আদর্শের উপর কমপক্ষে দুইটি সেমিনার আয়োজন করার বিষয়ে আলোচনা হয়।	বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল প্রশিক্ষণ কেন্দ্রের সহযোগিতায় বঙ্গবন্ধুর জীবন ও আদর্শের উপর দুইটি সেমিনারের আয়োজন করার সিদ্ধান্ত গৃহিত হয়। এ সিদ্ধান্ত অনুযায়ী ১৫ কার্যদিবসের মধ্যে কর্তৃপক্ষের নিকট সার্বিক একটি প্রস্তাবনা পেশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নকারী: পরিচালক (প্রশাসন)/অধ্যক্ষ, সিএটিসি।
১২	বেসামরিক বিমান চলাচল প্রশিক্ষণ কেন্দ্রে শুদ্ধাচার, নৈতিকতা এবং সুশাসন বিষয়ক প্রশিক্ষণে বঙ্গবন্ধুর জীবন ও আদর্শের উপর আলোকপাত।	১৭ মার্চ ২০২০ হতে ১৭ মার্চ ২০২১ সিএটিসি	বেসামরিক বিমান চলাচল প্রশিক্ষণ কেন্দ্রে শুদ্ধাচার, নৈতিকতা এবং সুশাসন বিষয়ক প্রশিক্ষণে বঙ্গবন্ধুর জীবন ও আদর্শের প্রতিফলন ঘটানোর উদ্যোগ নেয়ার বিষয়ে আলোচনা হয়।	সদর দপ্তরে আয়োজিত অভ্যন্তরীণ প্রশিক্ষণে এবং বেসামরিক বিমান চলাচল প্রশিক্ষণ কেন্দ্রে শুদ্ধাচার, নৈতিকতা এবং সুশাসন বিষয়ক প্রশিক্ষণে 'বঙ্গবন্ধুর জীবন ও আদর্শ' বিষয়ক আলোচ্যসূচি অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নকারী: ১) পরিচালক (প্রশাসন); ২) অধ্যক্ষ, সিএটিসি।

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

02/12/2019

(মো: হাফিজুর রহমান)
সদস্য (প্রশাসন)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

নথি নং-৩০.৩১.০০০০.২০১.২২.০০১.১৯- 5082 তারিখ : 02 /১২/২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

০১। সদস্য (প্রশাসন/ অর্থ/ নিরাপত্তা/ পরিঃ ও পরিঃ/এটিএম/এফএসএন্ডআর), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
০২। প্রধান প্রকৌশলী, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
০৩। পরিচালক (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
০৪। পরিচালক (হশাআবি), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।

অনুলিপি :
০১। সচিবের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। চেয়ারম্যানের একান্ত সচিব, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

02/12/19

(মোঃ মাসুম পাটওয়ারী)
পরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ